# আনপরা বাবাজী মদন ঠাকুরের ‘পুরু চশমায়’

## ।।অহং-বুমেরাং-চিৎপটাং ।।

দীন মুহম্মদ মানিক ।

তুমি কে? আমি কে?- রাজাকার? রাজাকার।।
কে বলেছে, কে বলেছে ?- সৈরাচার। সৈরাচার।।
তাই বলে কি এই কারবার!
পথ পাইলানা পলাবার ?
দেড় যুগের এই বলাৎকার
হইল নিমেষে ছারখার ?

প্রচন্ড-প্রতাপ যার শক্তি
‘স্বদেশ’, ‘আইন’ কাকুর মুনিব-ভক্তি,
বিপক্ষের ছিলনা কোন মুক্তি,
পড়লে ধরা নাই নিস্তার।।

‘জাতিরাফা’ পলায়না,
উপদেষ্টা তাঁনে চালায়না,
ব্যবসায়ীরা বলে কিনা
বারবার দরকার।।

“আমার গোষ্ঠি শুরু-শেষ,
এটা আমার বাপের দেশ,
পারবিনা কেউ ছিড়তে কেশ,
কইর্‌যা দিমু ম্যাছাকার”।।

“আমলা আমার ঐক্যজোট,
দরকার নাই লোকের ভোট,
ভাগ করে খাই ‘মহাঝুট’,
কোর্ট-কাচারী সব আমার”।।

“মন্ত্রীরা মোর নামী-দামী,
সইব কেন বদনামী?
নিজ ‘হেডামে’ করব আমি
দেশবাসীরে পদ্মাপার”।।

“চলবে ‘আ’লীগ’ বীরের বেশে,
‘দুধের-নহর’ বইবে দেশে,
থাকবে মানুষ মুচ্‌কি হেসে,
দেশটা নিঝুম কারাগার”।।

“এ্যাতীম টাকা মাইরা খায়,

সুদখোরে যে 'নোভেল' পায়,
সইব বল কোন সে দায়
এমন অন্যায়, সম্প্রাচার"?

"সেনাপতি মোর ভগ্নিপতি,
থাকবে নত আমার প্রতি,
হবেনা মোর কোন ক্ষতি,
ধার ধারিবার কি দরকার"?

খাঁচার পাখী সবি পায়,
তবু বাইরে যেতে চায়।
বাধ সাধে যে স্বাধীনতায়,
তাকেই বলে সৈরাচার।।

গুম,খুন্, মুখে তালা,
জনগনের মনে জ্বালা'
হইল গো শেষ দুখের পালা,
জুলুম শাহী চাইনা আর ।।

'সৈর আফা' পালাইল,
অন্যরা সব কোথায় গেল?
এমন কি দোষ তাদের ছিল,
'পাই টু পাই' লুকাবার?

দেশত্যাগ, পদত্যাগ,
বউত্যাগ, স্বামীত্যাগ,
বিশ্বব্যাপী দেখাইল 'ত্যাগ'
শেখের ত্যাগী পরিবার।।

র‍্যাব, পুলিশ তাদের আছে,
গনহত্যায় রক্ত নাচে,
ছিলনা কেউ তাদের কাঁছে
বিবেক-তালা খুলিবার?

আল্লাহ নাকি ছাড় দেয়, ছেড়ে দেয়না।
যতবড় শক্তি হোক, বেশিক্ষন লাগেনা।
অহংকারে পতন একদিন চলে আসবেই,
দেখিবে সেদিন তুমি কেউ কাছে নেই..।।

জানাজানি : ০১/০২/২০২৫
কানাকানি : ০১৮১৯-৮৬৩৮৮৮ ।
টানাটানি : না করে আসলটাই ভাবুন....।
হানাহানি : হিংসাই পতনের মূল।
মানামানি :ভাল লাগলে অন্যকেও লাগতে দিন ।